

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৪

আগরতলা, ১২ এপ্রিল, ২০২৪

হোলিক্রস স্কুলের অভিভাবক দিবসে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সন্ধ্যায় হোলিক্রস স্কুলের অভিভাবক দিবসের উদ্বোধন করেন। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল শিশুদের জীবন গঠনে শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন। তিনি বলেন, সন্তানদের জীবন গঠনে অভিভাবকদের অবদানের কথা তুলে ধরতেই অভিভাবক দিবস পালন করা হয়। বিদ্যালয় কর্তৃপক্ষের উদ্দেশ্যে রাজ্যপাল বলেন, তারা যেন ছাত্রছাত্রীদের প্রতিযোগিতামূলক পরীক্ষায় সফল হওয়ার মতো করে গড়ে তুলেন। ছাত্রছাত্রীদের সঠিক শিক্ষাদানের জন্য তিনি হোলিক্রস স্কুল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে হোলিক্রস এডুকেশন ফাউন্ডেশনের সেক্রেটারি ফাদার জর্জ জেকব, আগরতলার বিশপ লোমেন মন্টেরিও এবং অভিভাবকদের পক্ষে সুব্রত চৌধুরী বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন স্কুলের প্রিন্সিপাল ফাদার জিলসন টম। স্কুলের ভাইস প্রিন্সিপাল ফাদার অর্জি পল ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে হোলিক্রস স্কুলের ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয়।
